যুগান্তর

DEC. 06 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ৩

# জামালপুরে স্কুলের কর্তৃত্ব নিয়ে সংঘর্ষ : আহত ৬০

জামালপুর প্রতিনিধি

বুধবার সদর উপজেলার তিতপল্লা ইউনিয়নের ডেফুলীবাড়ি উচ্চ বিদ্যালয়ের কর্তৃত্ব নিয়ে বিরোধের জের ধরে এক পক্ষের সশস্ত্র হামলা, গুলিবর্ষণ ও ককটেল নিক্ষেপে প্রধান শিক্ষকসহ কমপক্ষে ৬০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে গুরুতর অবস্থায় লুৎফর রহমান (৪৭), জাগিলুর রহমান (১৮), ইজ্জত আলী (৩৫), আনোয়ার করিম (৫০), মোস্তাফিজুর রহমানকে (৩১) জামালপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য আহতদের স্থানীয়ভাবে চিকিৎসা করা হয়। স্থানীয় রাজনৈতিক বিরোধে স্কুলের শিক্ষকসহ এলাকার লোকজন স্কুলের কর্তৃত্ব নিয়ে দুই পক্ষে অবস্থান গ্রহণ করে। এক পক্ষ স্কুলের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাদলকে অপসারণ করে খুরশেদ আলম তালুকদার বিএসসিকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করে। এ ঘটনা তদন্তের জন্য বুধবার ময়মনসিংহ শিক্ষা অফিসের একজন পরিদর্শক এবং জেলা শিক্ষা অফিসার স্কুলে উপস্থিত হলে খুরশেদ আলম তালুকদারের সমর্থকরা অতর্কিতে স্কুলে হামলা চালায়। মকবুল মাস্টার, মজিবর, আজিজল, মিলন ও আনজুমের নেতৃত্বে শতাধিক লোক ফাঁকা গুলিবর্ষণ ও ককটেল নিক্ষেপ করতে করতে স্কুলে হামলা চালায়। সন্ত্রাসীদের রামদা ও লাঠি-ফালার আঘাতে স্কুলের প্রধান শিক্ষক, এলাকার মুরব্বিসহ ৬০ জন আহত হন। এ সময় জেলা শিক্ষা অফিসারও সামান্য আহত হন বলে প্রত্যক্ষদর্শীরা জানান। জামালপুর জেনারেল হাসপাতালে ভর্তি হওয়া ৫ জন আহত ছাড়াও জহিরুল, মিয়ারউদ্দিন, মজিবর, আসাদুজ্জামান, সোলেমান, আবদুর রৌফ, সোহেল, শামছুলসহ অন্যদের স্থানীয় ক্লিনিকে চিকিৎসা দেয়া হয়। এ ব্যাপারে প্রধান শিক্ষকের পক্ষ থেকে একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।